BOOK NO. ............
Personal Library
M. A. Ghalib
Bularati, Alipur,
Satkhira, Bangladesh.

নিখিল বঙ্গ ও আসাম জমঈয়তে
আহ্‌লে হাদিছের

# উদ্দেশ্য, গঠনতন্ত্র
ও
# নিয়মাবলী।

জমঈয়তের কাইয়েমে আ'লা
কর্তৃক
সদর দফতর পাবনা হইতে
প্রকাশিত।

—( )—

২৭শে জিলকদ, ১৩৬৭ হিঃ।
১লা অক্টোবর, ১৯৪৮ খৃঃ।

মূল্য তিন আনা মাত্র।

কোহিনুর প্রেস, পাবনা।

BOOK NO. ..............
Personal Library
M. A. GHALIB.
Bularati, Alipur,
Satkhira, Bangladesh.

বিছ্‌মিল্লাহের রাহমানের রাহিম,

নাহ্‌মাহুল্লাহেল আযিম ওয়া নুছাল্লি
আ'লা রাছুলেহিল করিম।

## ১। 'আহ্‌লে হাদিছ' আন্দোলনের বুনিয়াদি আকিদা ( Creed ):

কলেমায় তৈয়েবা : "লা ইলাহা ইল্‌লাআল্‌লাহ,—মোহাম্মদ• রছুলুল্‌লাহ"—আহ্‌লে হাদিছ আন্দোলনের মর্ম্মকথা বা বীজমন্ত্র।

## ২। 'আহ্‌লে হাদিছ' আন্দোলনের লক্ষ্য ( Aim ):

'কলেমায় তৈয়েবা'কে মানব জাতির ব্যক্তিগত, সামাজিক, তামাদ্দুনী, রাষ্ট্রীয়, অর্থনৈতিক ও আধ্যাত্মিক জীবনে রূপায়িত করা।

## ৩। আহ্‌লে হাদিছ আন্দোলনের কার্য্যক্রম ( Programme ):

(ক) আভ্যন্তরীণ সংগঠন ও সংশোধনের সাহায্যে 'মোহাম্মদী জামাআৎ' প্রতিষ্ঠা করা।*

* 'মোহাম্মদী জামাআতের' সংজ্ঞা ও ব্যাখ্যা ত্রয়োদশ শতকের ভারতীয় মোজাদ্দেদ আল্লামা ইছমাঈল শহীদ ও আমির ছৈয়দ আহ্‌মদ ব্রেলভী শহীদের গ্রন্থাবলীতে দ্রষ্টব্য।

(খ) তওহিদ ছুন্নৎ এবং ব্যবহারিক বিষয়াদি সম্পর্কে কোরআন ও হাদিছের নির্দ্দেশাবলীর অনুসরণ ও প্রচারণা।

(গ) ইছ্‌লামি আদর্শবাদ, দৃষ্টিভঙ্গী ও কর্ম্মপদ্ধতির ব্যাপক প্রচারণা।

(ঘ) আন্তর্জাতিক প্রশ্ন সমূহ—অর্থাৎ সমাজ, রাষ্ট্র ও অর্থনীতি ক্ষেত্রে এবং মানুষের চরিত্র, নীতি, ধর্ম্ম ও তামাদ্দুন সম্পর্কে ইউরোপ, আমেরিকা ও রাশিয়া প্রভৃতি যাহা মীমাংসা করিতে চাহিয়াছেন, কোরআন ও ছুন্নতের উদার দৃষ্টিভঙ্গী লইয়া তাহার বিচার এবং উল্লিখিত প্রশ্নাবলীর ইছ্‌লামি সমাধান জগদ্বাসীর সম্মুখে প্রচার করা।

(ঙ) পাকিস্তানে ইছলামি রাষ্ট্র ও তামাদ্দুনের প্রতিষ্ঠাকল্পে জনমত গঠন এবং পাকিস্তানের বাহিরে ইছ্‌লামি শাসনতন্ত্র, অর্থনৈতিক প্রোগ্রাম এবং নৈতিক আদর্শবাদের প্রচারণা এবং পৃথিবীর বর্ত্তমান রাষ্ট্রীয়, তামাদ্দুনী, অর্থনৈতিক ও চারিত্রিক অবস্থার সহিত ইছ্‌লামি মতবাদ ও কার্য্যক্রমকে তুলনা করিয়া দেখিবার জন্য আহ্বান।

(চ) দারিদ্র্য বিদূরণ কল্পে কোরআন ও ছুন্নতের নির্দ্দেশ অনুসারে 'বয়তুল মাল' সুনিয়ন্ত্রিত করার প্রচেষ্টা।

৪। কর্ম্ম পদ্ধতি ( Technics ):

(ক) ইছ্‌লামি প্রয়োজন সম্বন্ধে সচেতন, জাগ্রত মস্তিষ্ক, প্রকৃত মুছ্‌লিম প্রচারক দল গঠন করার ব্যবস্থা।

(খ) ইছ্‌লামি দৃষ্টি সম্পন্ন উচ্চশিক্ষিত ব্যক্তিগণের সাহায্যে বিনা পারিশ্রমিকে অথবা পারিশ্রমিক দিয়া বক্তৃতাদি প্রদান এবং পুস্তক-পুস্তিকা ও নিবন্ধাদি লিখাইবার ব্যবস্থা।

(গ) দেশব্যাপী কোরআনের অনুবাদ প্রচার।

(ঘ) একটি উন্নত ধরণের up-to date গ্রন্থাগার স্থাপন।

(ঙ) আহ্‌লে হাদিছ আন্দোলনের একখানা উপযুক্ত মুখপত্র প্রকাশ করা।

(চ) কর্ম্মী ও মুবাল্লেগগণের আত্মশুদ্ধি ও ট্রেনিংএর জন্য 'দারুৎ-তর্‌বিয়ত' স্থাপন।

৫। প্রতিষ্ঠান ( Organisation ):

আহ্‌লে হাদিছ আন্দোলনের আকিদা, লক্ষ্য ও কার্য্যক্রমকে সফল করিয়া তোলার উদ্দেশ্যে বাঙ্গালা ভাষাভাষী অঞ্চল সমূহ লইয়া একটি সঙ্ঘ ( জমঈয়ৎ ) পরিচালিত হইবে।

### ৬। সঙ্ঘের নামঃ

পঞ্চম দফায় বর্ণিত সঙ্ঘটি 'নিখিল বঙ্গ ও আসাম জমঈয়তে আহ্‌লে হাদিছ' নামে পরিচিত হইবে।

### ৭। কেন্দ্রীয় প্রতিষ্ঠানের দফ্‌তরঃ

নিখিল বঙ্গ ও আসাম জমঈয়তে আহলে হাদিছের কেন্দ্রীয় কার্য্যালয় পূর্ব্ব বাঙ্গালার পাবনা যিলা টাউনে স্থাপিত হইবে।

### ৮। প্রবেশাধিকারের যোগ্যতাঃ—

পনের বৎসরের অধিক বয়স্ক যে পুরুষ ও নারী 'কলেমায় তৈয়েবার' তাৎপর্য্য ও উদ্দেশ্য (উত্তমরূপে হৃদয়ঙ্গম করিয়া) আন্তরিকতার সহিত বিশ্বাস করিয়া লইবে, উচ্চারণ করিবে এবং তদনুসারে জীবন গঠন করিতে প্রয়াসী হইবে, সে 'আহলে হাদিছ' আন্দোলনে যোগদান করার যোগ্য বিবেচিত হইবে।

### ৯। প্রবেশ রীতিঃ

নিখিল বঙ্গ ও আসাম জমঈয়তে আহ্‌লে হাদিছের কেন্দ্রীয়, যিলা, ইলাকা ও শাখা সমিতি সমূহের কাইয়েমগণের সম্মুখে আহ্‌লে হাদিছ আন্দোলনে যোগদানেচ্ছুগণ 'কলেমায় তৈয়েবার' অর্থ, তাৎপর্য্য ও

উদ্দেশ্য হৃদয়ঙ্গম করিয়া বিশুদ্ধ মনে ও দেহে উক্ত কলেমা: 'লা ইলাহা ইল্লাআল্লাহ মোহাম্মদ রছুলুল্লাহ' পাঠ করিলে আহলে হাদিছ আন্দোলনের কর্ম্মী বা সদস্য হইতে পারিবেন।

(ক) আহ্‌লে হাদিছ আন্দোলনে যোগদান করার জন্য কোন নির্দ্দিষ্ট বা অনির্দ্দিষ্ট ফিস প্রদান করা প্রয়োজন হইবে না।

## ১০। সংগঠন:—

(ক) আহ্‌লে হাদিছ আন্দোলনকে সফল করিয়া তোলার জন্য নিখিল বঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহলে হাদিছের অধীনে দেশের প্রত্যেক ছোট বড় কেন্দ্রস্থলে জম্‌ঈয়ৎ সমূহ স্থাপিত হইবে।

(খ) উপরোক্ত জম্‌ঈয়ৎগুলি তিন শ্রেণীতে বিভক্ত হইবে যথা:—শাখা জম্‌ঈয়তে আহলে হাদিছ, ইলাকা জম্‌ঈয়তে আহলে হাদিছ ও যিলা জম্‌ঈয়তে আহলে হাদিছ।

## ১১। শাখা জম্‌ঈয়তে আহলে হাদিছ:

(ক) কোন গ্রাম, জনপদ বা নগরে দুই বা ততোধিক ব্যক্তি আহলে হাদিছ আন্দোলনের সদস্য থাকিলে

তথায় নিখিল বঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহ্‌লে হাদিছের শাখা জম্‌ঈয়ৎ গঠিত হইবে।

(খ) গ্রাম ও নগরের জামে মছজিদ সমূহে শাখা জম্‌ঈয়তের দফতর স্থাপিত হইবে। এক গ্রামে ও নগরের একাংশে একাধিক শাখা জম্‌ঈয়ৎ গঠিত হইতে পারিবে না।

১২। ইলাকা জমঈয়তে আহ্‌লে হাদিছ :

(ক) দুই হইতে পঁচিশটি পর্য্যন্ত শাখা জম্‌ঈয়ৎ লইয়া এক একটি 'ইলাকা জমঈয়তে আহলে হাদিছ' গঠিত হইবে।

(খ) যে অঞ্চল লইয়া 'ইলাকা জম্‌ঈয়ৎ' গঠিত হইবে, তাহার অন্তর্গত কোন এক মছ্‌জিদে উক্ত ইলাকা জম্‌ঈয়তের দফতর স্থাপিত হইবে। একই অঞ্চলে একাধিক ইলাকা জম্‌ঈয়ৎ গঠিত হইতে পারিবে না।

১৩। জিলা জমঈয়তে আহ্‌লে হাদিছ :

(ক) দুই হইতে পঞ্চাশটি 'ইলাকা জমঈয়ৎ' লইয়া এক একটি 'যিলা জমঈয়ত' গঠিত হইবে।

(খ) যিলার যে কোন সুবিধাজনক স্থানে যিলা জম্‌ঈয়তের দফ্‌তর স্থাপিত হইতে পারিবে, অবশ্য যিলা টাউনের যে কোন জামে মছ্‌জেদে যিলা জম্‌ঈয়তের

দফ্তর স্থাপিত হওয়া বাঞ্ছনীয়। এক যিলার ভিতর একাধিক 'যিলা জমঈয়ত' গঠিত হইতে পারিবে না।

১৪। জমঈয়ত সমূহের গঠনতন্ত্র :—

(ক) শাখা, ইলাকা ও জিলা জমঈয়ত সমূহের প্রত্যেকটিতে সর্ব্বাধিক নয় জন সদস্য লইয়া কার্য্যকরী সংসদ (Executive Committee) গঠিত হইবে; তন্মধ্যে একজন সভাপতি ও কাইয়েম এবং একজন আমিন হইবেন।

১৫। শাখা জমঈয়তের গঠনতন্ত্র।

শাখা জম্ঈয়তের অন্তর্গত অঙ্গীকারাবদ্ধ সকল নরনারী শাখা জম্ঈয়তের সাধারণ সদস্য থাকিবেন এবং তাঁহারা শাখা জমঈয়তের একজন সভাপতি ও কাইয়েম (Executive officer), একজন আমিন এবং অবশিষ্ট ৭জন কার্য্যকরী সদস্য (Executive members) নির্ব্বাচন করিবেন। নির্ব্বাচিত কার্য্যকরী সংসদ ও সাধারণ সদস্যবৃন্দের সমবায়ে শাখা জম্ঈয়তের সাধারণ সমিতি (General committee) গঠিত হইবে।

১৬। ইলাকা জমঈয়তের গঠনতন্ত্র :

একটি ইলাকার ভিতর যতগুলি শাখা জম্ঈয়ৎ স্থাপিত হইবে, তাহাদের কার্য্যকরী সংসদের সদস্যবৃন্দ

একত্রিত হইয়া ইলাকা জম্‌ঈয়তের ৯ জন কার্য্যকরী সদস্য নির্ব্বাচন করিয়া দিবেন। উল্লিখিত ৯ জনের মধ্যে একজন সভাপতি ও কাইয়েম, একজন আমিন এবং অবশিষ্ট ৭ জন কার্য্যকরী সদস্য নির্ব্বাচিত হইবেন। এতদ্ব্যতীত প্রত্যেক শাখা জম্‌ঈয়তের পক্ষ হইতে দুইজন করিয়া সদস্য নির্ব্বাচন করিয়া তাহাদের সমবায়ে ইলাকা জম্‌ঈয়তের জেনারেল কমিটী গঠন করিয়া দিবেন।

১৭। যিলা জম্‌ঈয়তের গঠনতন্ত্র ঃ

একটি যিলার ভিতর যতগুলি ইলাকা জম্‌ঈয়ৎ গঠিত হইবে, তাহাদের কার্য্যকরী সংসদ সমূহ একত্রিত হইয়া যিলা জম্‌ঈয়তের ৯ জন কার্য্য নির্ব্বাহক সদস্য নির্ব্বাচন করিয়া দিবেন। উল্লিখিত ৯ জনের মধ্যে একজন সভাপতি-কাইয়েম, একজন আমিন ও ৭ জন কার্য্যকরী সদস্য হইবেন। এতদ্ব্যতীত প্রত্যেক ইলাকা জমঈয়তের পক্ষ হইতে ৫ পাঁচ জন করিয়া সদস্য নির্ব্বাচন করিয়া তাঁহাদের সমবায়ে যিলা জম্‌ঈয়তের জেনারেল কমিটী গঠন করিয়া দিবেন।

১৮। কেন্দ্রীয় জমঈয়তের গঠনতন্ত্র ঃ

পাক ভারতের কলিকাতা, কাছাড়, কামরূপ, কুচবিহার, কুষ্টিয়া, খুলনা, গোয়ালপাড়া, চট্টগ্রাম, চব্বিশ পরগণা,

জলপাইগুড়ি, ঢাকা, ত্রিপুরা, দিনাজপুর, নদীয়া, নওগাঁও, নোয়াখালি, পাবনা, পূর্ণিয়া, ফরিদপুর, বগুড়া, বর্দ্ধমান, বাকেরগঞ্জ, বাঁকুড়া, বীরভুম, মোমেনশাহী, মালদহ, মুর্শিদাবাদ, মেদিনীপুর, যশোহর, রংপুর, রাজসাহী. শ্রীহট্ট, হাওড়া ও হুগলী বাঙ্গালা ভাষাভাষী যিলা সমূহের অন্তর্গত শাখা জম্‌ঈয়তে আহ্‌লে হাদিছ কর্তৃক স্ব স্ব যিলা জম্‌ঈয়ৎ সমূহের—অভাবে ইলাকা জম্‌ঈয়ৎ সমূহের—অভাবে স্বয়ং শাখা জম্‌ঈয়ৎ সমূহের তত্ত্বাবধানে—আহ্‌লে হাদিছ আন্দোলনে যোগদান-কারীগণের সংখ্যানুপাতে প্রতিনিধিদল (delegates) নির্ব্বাচিত হইবেন। উক্ত ডেলিগেটগণ নিখিল বঙ্গ ও আসাম আহ্‌লে হাদিছ কন্‌ফারেন্সে প্রেরিত হইবেন। উল্লিখিত ডেলিগেটগণ কন্‌ফারেন্সের মুক্ত অধিবেশনে নিখিল বঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহ্‌লে হাদিছের কার্য্যকরী সংসদ গঠন করিয়া দিবেন, তন্মধ্যে একজন প্রেসিডেন্ট, ৩ হইতে ৫ জন পর্য্যন্ত ভাইস্‌ প্রেসিডেন্ট, একজন সেক্রেটারী ও কাইয়েম, দুইজন সহকারী সেক্রেটারী, একজন আমিন ও ৫ হইতে ৭ জন পর্য্যন্ত কার্য্যকরী সদস্য হইবেন। এতদ্ব্যতীত প্রত্যেক যিলা হইতে আহ্‌লে হাদিছ আন্দোলনে

যোগদানকারীগণের সংখ্যানুপাতে দুই হইতে দশ জন পর্য্যন্ত সদস্য নির্ব্বাচিত করিয়া তাঁহাদের ও কার্য্যকরী সংসদের সমবায়ে নিখিল বঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহ্‌লে হাদিছের জেনারেল ষ্ট্যাণ্ডিং কমিটী (general standing committee) গঠন করিয়া দিবেন।

১৯। কয়েকটী নিয়ম ঃ—

(ক) ইলাকা, যিলা ও কেন্দ্রীয় জম্‌ঈয়তের প্রত্যেক সদস্যকে আপনাপন অঞ্চলের শাখা জম্‌ঈয়তের সাধারণ সদস্য থাকিতে হইবে।

(খ) কোন ব্যক্তি জম্‌ঈয়তের কোন পদ লাভ করিবার জন্য প্রার্থী (candidate) হইতে পারিবে না।

(গ) শাখা জম্‌ঈয়ৎ সমুহের কাইয়েমবৃন্দ আপনাপন জম্‌ঈয়তের সদস্যগণের তালিকার একখানি রেজিষ্টারী প্রস্তুত করিবেন। উক্ত তালিকায় সদস্যের নাম পিতার নাম, বিবাহিতা স্ত্রীলোকগণের স্বামীর নাম, বয়স, ঠিকানা, পেশা ও যোগ্যতার বিবরণ এবং জম্‌ঈয়তের সদস্য শ্রেণীভুক্ত হইবার তারিখ উল্লিখিত থাকিবে। শাখা জম্‌ঈয়তের কাইয়েম তালিকার অবিকল নকল এলাকা জম্‌ঈয়তের

কাইয়েমের নিকট প্রেরণ করিবেন। ইলাকা জমঈয়তের কাইয়েম সমস্ত শাখা জমঈয়তের রেকর্ড প্রস্তুত করিয়া রেজিষ্টারী বহিতে রক্ষা করিবেন এবং যিলা জমঈয়তের কাইয়েমের নিকট তাহার অনুলিপি প্রেরণ করিবেন। যিলা কাইয়েমগণ সমস্ত ইলাকার রেকর্ড রেজেষ্টারীভুক্ত করিয়া তাহার কপি কেন্দ্রীয় জমঈয়তের কাইয়েমের নিকট পাঠাইবেন। কেন্দ্রীয় জমঈয়তের কাইয়েম বাঙ্গালা ভাষাভাষী অঞ্চলের আহ্‌লে হাদিছ আন্দোলনে যোগদানকারীগণের একটি পূর্ণ তালিকা রেকর্ডভুক্ত করিয়া রাখিবেন।

২০। মন্‌যুরী (Affiliation) :—

(ক) শাখা জমঈয়ৎ সমুহের সভাপতিগণকে আপনাপন সমিতি ও সভাপতিত্বের মনযুরী ইলাকা জমঈয়তে আহ্‌লে হাদিছের কার্য্যকরী সংসদের নিকট হইতে গ্রহণ করিতে হইবে। ইলাকা জমঈয়ৎ গঠিত না হওয়া পর্য্যন্ত অস্থায়ী যিলা জমঈয়ৎ এবং যিলা জমঈয়তের অবর্ত্তমানে নিখিল বঙ্গ ও আসাম জমঈয়তে আহ্‌লে হাদিছের কার্য্যকরী সংসদ শাখা জমঈয়ৎ এবং শাখা জমঈয়ৎ সমুহের সভাপতিগণের পদ

মনযুর করার অধিকারী হইবেন।

(খ) ইলাকা জম্‌ঈয়ৎ ও তাহার সভাপতিত্বের পদ যিলা জম্‌ঈয়তের কার্য্যকরী সংসদের এবং তাহার অভাবে নিখিল বঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহ্‌লে হাদিছের কার্য্যকরী সংসদের মনযুরী সাপেক্ষ হইবে।

(গ) যিলা জম্‌ঈয়ৎ সমূহ এবং তাহাদের সভাপতিবৃন্দের পদ নিখিল বঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহ্‌লে হাদিছের কার্য্যকরী সংসদের সম্মতি সাপেক্ষ হইবে।

২১। **পদ সমূহের দায়িত্ব ঃ—**

(ক) শাখা জম্‌ঈয়ৎ সমূহের সভাপতিগণ আপন জম্‌ঈয়তের সকল সদস্যের নেতা ( Leader ) ও স্বীয় গ্রাম বা নগরাঞ্চলের কাইয়েম ( Executive Officer ) হইবেন।

(খ) ইলাকা জম্‌ঈয়ৎ সমূহের সভাপতিগণ আপন ইলাকার নেতা ও 'কাইয়েমে ইলাকা' হইবেন।

(গ) যিলা জম্‌ঈয়ৎ সমূহের সভাপতিগণ স্ব স্ব যিলার নেতা ও "কাইয়েমে যিলা" হইবেন।

(ঘ) নিখিলবঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহ্‌লে হাদিছের নির্ব্বাচিত সভাপতি বাঙ্গালা ভাষাভাষী

অঞ্চলের আহ্‌লে হাদিছ আন্দোলনের সর্ব্বপ্রধান নেতা ( Supreme Leader ) এবং নিখিলবঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহ্‌লে হাদিছের সেক্রেটারী উক্ত আন্দোলনের কাইয়েমে আ'লারূপে (Chief Executive officer) গণ্য হইবেন।

২২। কর্ম্মকর্ত্তাগণের পদ (Position):—
কেন্দ্রীয়, যিলা, ইলাকা ও শাখা জম্‌ঈয়ৎ সমূহের নেতা ও কাইয়েমগণের পদ অস্থায়ী হইবে; তাঁহাদিগকে পদচ্যুত করা চলিবে।

২৩। কার্য্যকাল (Duration of works):—
প্রত্যেক তিন বৎসরে কেন্দ্রীয়, যিলা ও শাখা জম্‌ঈয়ৎ সমূহের কর্ম্মকর্ত্তাগণ নূতন ভাবে কেন্দ্রীয়, যিলা, ইলাকা ও শাখা জম্‌ঈয়ৎ সমূহের কনফারেন্স কিম্বা সাধারণ সভার প্রকাশ্য অধিবেশনে নির্ব্বাচিত হইবেন।

২৪। নিয়মানুবর্ত্তিতা ( Discipline ):—
(ক) কেন্দ্রীয় জম্‌ঈয়তের সভাপতির শরিঅৎ সঙ্গত সকল নির্দ্দেশ সমুদয় কর্ম্মকর্ত্তা ও সদস্যবৃন্দকে মান্য

করিতে হইবে।

(খ) শাখা, ইলাকা ও যিলা জমঈয়ৎ সমূহ নিখিলবঙ্গ ও আসাম জমঈয়তে আহলে হাদিছের অধীনে পরিচালিত হইবে।

(গ) যিলা জমঈয়ৎগুলি স্ব স্ব যিলার অন্তর্গত ইলাকা জমঈয়ৎ সমূহের এবং ইলাকা জমঈয়ৎগুলি আপনাপন ইলাকার অন্তর্গত শাখা জমঈয়ৎ সমূহের তত্ত্বাবধান করিবেন।

২৫। কার্য্যসুচি ঃ—

(ক) প্রত্যেক শুক্রবারে স্ব স্ব অঞ্চলের জামে মছজেদে শাখা জমঈয়তের কার্য্যকরী সংসদের সদস্য-বৃন্দ সম্মিলিত হইবেন। এই সকল সম্মেলনে আন্দোলনের গতির আলোচনা, ব্যক্তিগত চারিত্রিক সংশোধনের সাধনা ও জমঈয়তের আয় ব্যয়ের পর্য্যালোচনা হইবে। উপর্য্যুপরি ৩ শুক্রবারে বিনা উযরে কোন সদস্য সম্মেলনে অনুপস্থিত থাকিলে তাঁহার নাম কর্ত্তিত হইবে।

(খ) প্রত্যেক শাখা জমঈয়তে একটি করিয়া পাঠাগার ও ব্যায়ামাগার থাকিবে। প্রত্যহ ফজরের

নামাজের পর শাখা জম্‌ঈয়তের মছজিদে কোর্‌-আনের অনুবাদ অর্দ্ধঘণ্টা শুনান হইবে।

(গ) প্রতিমাসে একবার করিয়া গ্রাম বা নগরের জামে মছ্‌জিদে শাখা জম্‌ঈয়তের সাধারণ সদস্য ও কার্য্যকরী সংসদের সভ্যমণ্ডলী মিলিত হইবেন। ইলাকা, যিলা ও কেন্দ্রীয় জম্‌ঈয়তের যে সকল সদস্য অফিস বা প্রচারাদির কার্য্য লইয়া আছেন, তাঁহারা ব্যতীত উল্লিখিত জমঈয়ৎ সমূহের সকল সদস্যকে আপনাপন অঞ্চলের শাখা জম্‌ঈয়তের কথিত মাসিক অধিবেশনে যোগদান করিতে হইবে। মাসিক সম্মিলনে কেন্দ্রীয় জমঈয়তের নির্দ্দেশাবলী অবগত হইবার, আহ্‌লে হাদিছ আন্দোলনের উদ্দেশ্য সম্যকরূপে হৃদয়ঙ্গম করিবার ও তদনুসারে প্রস্তুত হইবার জন্য সকলেই সচেষ্ট হইবেন। উক্ত সম্মেলনে আন্দোলন সম্পর্কিত পুস্তক ও প্রবন্ধাদি পঠিত হইবে।

(ঘ) অন্ততঃ প্রতি তিন মাসে একবার করিয়া ইলাকা ও যিলা জম্‌ঈয়তের এবং ষাণ্মাসিক একবার করিয়া কেন্দ্রীয় জম্‌ঈয়তের জেনারেল কমিটীর অধি-বেশন হইবে। হিসাবপত্র পরীক্ষা, জম্‌ঈয়তের

প্রোগ্রামের সফলতার উপায় নির্দ্ধারণ, উপস্থিত পরিস্থিতি এবং অন্যান্য আবশ্যক বিষয় সমূহ উক্ত জেনারেল কমিটীগুলিতে আলোচিত হইবে।

(ঙ) ইলাকা, যিলা ও কেন্দ্রীয় জমঈয়ৎ সমূহের কার্য্যকরী সংসদের প্রয়োজন মত অধিবেশন হইতে থাকিবে।

(চ) প্রতি বৎসর বাঙ্গালা ও আসামের যে কোন স্থানে নিখিলবঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহ্‌লে হাদিছের কন্‌ফারেন্স বা সাধারণ সভার অধিবেশন হইবে। কনফারেন্সে সকল ধর্ম্ম, সমাজ ও শ্রেণীর লোক আমন্ত্রিত হইবেন এবং আহ্‌লে হাদিছ আন্দোলনের উদ্দেশ্য, নীতি আদর্শবাদ ও কর্ম্মযোগের বিবরণ সকলের সম্মুখে উপস্থাপিত হইবে।

২৬। সভা আহ্বান করার নিয়ম:—

(ক) কেন্দ্রীয় জম্‌ঈয়ৎ—সভাপতির নির্দ্দেশক্রমে বা তাঁহার সহিত পরামর্শ পূর্ব্বক কাইয়েমে আ'লা ৩ সপ্তাহ কাল পূর্ব্বে জেনারেল কমিটীর সভা ও দুই সপ্তাহ কাল পূর্ব্বে কার্য্যকরী সংসদের সভার জন্য নোটীশ প্রদান করিবেন।

(খ) যিলা জম্‌ঈয়ৎ—কাইয়েমে যিলা উপরোক্ত নিয়মেই যিলা কমিটীর সভা আহ্বান করিবেন।

(গ) ইলাকা জম্‌ঈয়ৎ—ইলাকা জম্‌ঈয়তের কাইয়েমগণ দুই সপ্তাহের নোটিশ দিয়া জেনারেল কমিটী ও এক সপ্তাহের নোটিশ দিয়া কার্য্যকরী সংসদের সভা আহ্বান করিবেন।

(ঘ) শাখা জম্‌ঈয়ৎ—শাখা জম্‌ঈয়তের কাইয়েমগণ এক সপ্তাহের নোটিশ দিয়া জেনারেল কমিটির ও ৩ দিনের নোটিশ দিয়া কার্য্যকরী সংসদের সভা আহ্বান করিবেন।

(ঙ) যরুরী সভা—(Requisition meeting): বিশেষ গুরুতর কারণে শাখা, ইলাকা, যিলা বা কেন্দ্রীয় জম্‌ঈয়তের সভ্যগণ সভা আহ্বান করা অত্যাবশ্যক বিবেচনা করিলে উল্লিখিত জম্‌ঈয়তের এক চতুর্থাংশ সভ্য সংশ্লিষ্ট সভাপতির নিকট লিখিত ভাবে সভা আহ্বান করার জন্য অনুরোধ পত্র দাখিল করিবেন। তিন সপ্তাহের মধ্যে সভাপতি সভা আহ্বান না করিলে উপরোক্ত সদস্যবৃন্দ পূর্ব্বোল্লিখিত নিয়মিত সময়ের নোটিশ দিয়া স্বয়ং সভা আহ্বান করিতে পারিবেন।

২৭। কোরাম—(Quorum) :—

এক চতুর্থাংশ সদস্যের উপস্থিতি ব্যতীত কোন সভার কোরাম হইবে না এবং সভার কার্য্য চলিতে পারিবে না। কোরাম অভাবে স্থগিত সভার পরবর্ত্তী অধিবেশন অনির্দ্দিষ্ট সংখ্যক সদস্যবৃন্দের সাহায্যেই চলিতে পারিবে।

২৮। মুবাল্লেগ বাহিনী :—

(ক) প্রত্যেক ইলাকায় একজন করিয়া মুবাল্লেগে মুকামি, প্রতি যিলায় দুইজন করিয়া মুবাল্লেগে আযলায়ী এবং কেন্দ্রে ৫ জন মুবাল্লেগে আম্মুমি নিযুক্ত হইবেন।

(খ) শাখা ইলাকা ও যিলা জম্‌ঈয়ৎগুলি যে সকল মুবাল্লেগ নিযুক্ত করিতে চাহিবেন, কেন্দ্রীয় জম্‌ঈয়তের সভাপতির নিকট হইতে তাঁহাদের নিযুক্তির মনযুরি লইতে হইবে। কেন্দ্রীয় জম্‌ঈয়তের সভাপতি কর্ত্তৃক তাঁহাদের নিয়োগ মনযুর হইলে তাহার নিদর্শন স্বরূপ নিখিলবঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহলে হাদিছের পক্ষ হইতে তাঁহাদিগকে ছনদ দেওয়া হইবে। ছনদের মধ্যে তাহাদের কার্য্যকাল ও তব্‌লিগি অঞ্চলের কথা উল্লেখ থাকিবে।

(গ) তব্‌লিগি কার্য্যের সুবিধা ও শৃঙ্খলার জন্য আসাম, পূর্ব্ববঙ্গ ও পশ্চিমবঙ্গ পাঁচটি বিভাগে বিভক্ত হইবে। নিম্নলিখিত যিলা সমূহ লইয়া এক একটি তবলিগি বিভাগ গঠিত হইবে এবং পাঁচজন মুবাল্লেগ পাঁচ এলাকার ভারপ্রাপ্ত হইবেন। মুবাল্লেগগণের কার্য্যালয় স্থিরীকরণ এবং প্রয়োজন বোধে বদলীর দায়িত্ব কেন্দ্রীয় জম্‌ঈয়তের সভাপতির উপর ন্যস্ত থাকিবে।

| ক্রমিক নম্বর | বিভাগের নাম | অন্তর্ভুক্ত যিলা সমূহের নাম। |
|---|---|---|
| ১। | আসাম বিভাগ— | ১—৪। কামরূপ, কাছাড়, গোয়ালপাড়া ও নওগাঁ। |
| ২। | পূর্ব্ববঙ্গ বিভাগ— | ৫—১০। ঢাকা, চট্টগ্রাম, মোমেনসাহী, ত্রিপুরা, নোয়াখালি ও শ্রীহট্ট। |
| ৩। | উত্তরবঙ্গ বিভাগ— | ১১—১৮। বগুড়া, পাবনা, রাজসাহী, রংপুর, দিনাজপুর, জলপাইগুড়ি, পূর্ণিয়া ও কুচবিহার। |

৪। দক্ষিণবঙ্গ বিভাগ—১৯—২০। কুষ্টিয়া, খুলনা, ফরিদপুর, বাকেরগঞ্জ, যশোহর, ২৪ পরগণা ও নদীয়া।

৫। পশ্চিমবঙ্গ বিভাগ—কলিকাতা, হাওড়া, হুগলী, বর্দ্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, মালদহ, মেদিনীপুর ও বাঁকুড়া।

(ঘ) যিলা জমঈয়তের নিযুক্ত মুবাল্লেগগণ কেন্দ্রীয় জমঈয়ৎ কর্ত্তৃক নিযুক্ত বিভাগীয় মুবাল্লেগগণের ও ইলাকা জমঈয়তের মুবাল্লেগগণ যিলা মুবাল্লেগগণের নির্দ্দেশ ও পরামর্শ মত পরস্পর যোগাযোগ রক্ষা করিয়া চলিবেন এবং স্ব স্ব গতিবিধি ও কার্য্য কলাপের মাসিক ডাইরি ও কর্ম্মতৎপরতার পাক্ষিক রিপোর্ট ঊর্দ্ধ্বতন মুবাল্লেগকে প্রদান করিবেন। বিভাগীয় মুবাল্লেগগণ নিখিলবঙ্গ ও আসাম জমঈয়তে আহলে হাদিছের সভাপতির সহিত সরাসরীভাবে যুক্ত থাকিবেন এবং আপনাপন ডাইরী ও রিপোর্ট তাঁহাকে কিম্বা তাঁহার নির্দ্দেশক্রমে কাইয়েমে আলাকে প্রদান করিবেন।

# অর্থ বিভাগ।

## ২৯। আয়ঃ—

(ক) প্রত্যেক নগর বা গ্রামের স্থানীয় যাকাৎ, ফিৎরা, কোর্বানীর চামড়ার মূল্য এবং ছদ্কা সংক্রান্ত সমুদয় টাকাকড়ি স্থানীয় শাখা জম্ঈয়তের আমিনের নিকট জমা হইবে। আমিন রসিদ দিয়া টাকা গ্রহণ করিবেন।

(খ) সমস্ত আদায়ী টাকার বার আনা অংশ স্থানীয় হক্দারদের মধ্যে বিতরিত হইবে। অবশিষ্ট চারি আনা অংশের /০ এক আনা স্থানীয় শাখা জম্ঈয়তের তহবিলে জমা থাকিবে, ৴১০ অৰ্দ্ধ আনা ইলাকা ও ৴১০ অৰ্দ্ধ আনা যিলা জম্ঈয়তের তহবিলে যাইবে; অবশিষ্ট ৵০ আনা নিখিলবঙ্গ ও আসাম জম্ঈয়তে আহলে হাদিছের সদর দফতরে প্রেরিত হইবে।

(গ) জম্ঈয়তের সকল সদস্যই আপনাপন উপার্জ্জনের কিছু অংশ কেন্দ্রীয় জম্ঈয়তের তহবিলে মাসিক ও বার্ষিক সাহায্য স্বরূপ প্রদান করিবেন।

জম্‌ঈয়তের তরফ হইতে কাহারও উপর কোন ফিস্ বা ট্যাক্স ধার্য্য করা হইবে না। ইনফাক্ ফি ছাবিলিল্লাহ'র প্রেরণার উপরেই এই দান নির্ভর করিবে।

(ঘ) জম্‌ঈয়তের ফণ্ডের সাহায্যে প্রকাশিত বহি পুস্তক ও ম্যাগাজিনের মূল্য কেন্দ্রীয় জম্‌ঈয়তের তহবিলে জমা হইবে।

(ঙ) নিখিলবঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহলে হাদিছের ভাবধারা ও কর্ম্মসূচীর সহিত সহানুভূতি সম্পন্ন ব্যক্তিগণ স্বতঃপ্রবৃত্ত হইয়া তাঁহাদের বৈধ উপার্জ্জন হইতে যদি কিছু জম্‌ঈয়ৎকে দান করেন তাহা কেন্দ্রীয় জম্‌ঈয়তের ফণ্ডে জমা হইবে।

(চ) ইছলাম প্রচারের মহান কর্ত্তব্য সম্পর্কে সজাগ ব্যক্তিগণ নিখিলবঙ্গ ও আসাম জম্‌ঈয়তে আহলে হাদিছের জন্য কিছু স্থাবর সম্পত্তি ওয়াক্ফ করিয়া দিলে উহার আয় কেন্দ্রীয় জম্‌ঈয়তের ফণ্ডে জমা হইবে।

(ছ) চল্‌তি খরচের জন্য ১০০৲ এক শত টাকা পর্য্যন্ত কেন্দ্রীয় জম্‌ঈয়তের সেক্রেটারীর নিকট জমা থাকিতে পারিবে। অবশিষ্ট সমস্ত টাকাকড়ি আমিন

কেন্দ্রীয় জম্‌ঈয়তের নামে কোন নির্ভর যোগ্য ব্যাঙ্কে জমা রাখিবেন।

(জ) কেন্দ্রীয় জম্‌ঈয়তের ফণ্ডে সকল প্রকার জমা টাকার জন্য সেক্রেটারী রসিদ প্রদান করিবেন।

৩০। ব্যয় ঃ—

(ক) শাখা জমঈয়তের কাইয়েমগণ শরিআতের নির্দ্দেশিত নিঘণ্টানুসারে আপনাপন কার্য্যকরী সংসদের সহিত পরামর্শ করিয়া হক্‌দারগণের তালিকা প্রস্তুত করিবেন এবং তদনুসারে যাকাৎ, ফিৎরা, কোর্বানির চামড়ার মূল্য এবং ছদ্‌কা সংক্রান্ত সমুদয় টাকা কড়ির বার আনা অংশ ব্যয় করিবেন।

(খ) শাখা ও ইলাকা জমঈয়ৎ সমূহ বায়তুল মাল হইতে প্রাপ্ত অংশের টাকা দফতর, পাঠাগার ও ব্যায়ামাগার পরিচালনা প্রভৃতির জন্য ব্যয় করিবেন, এবং প্রত্যেক ইলাকায় নিয়োজিত একজন মুবাল্লেগকে ভাতা প্রদানের খরচ ইলাকা জমঈয়ৎ আপন অধীনস্থ শাখা জমঈয়ৎগুলির সমব্যয়ে বহন করিবেন।

(গ) যিলা জমঈয়ৎগুলি দফতর, পাঠাগার ও

ব্যায়ামাগার পরিচালনা এবং দুইজন মুবাল্লেগের ভাতা প্রদান করার জন্য স্বীয় অংশের টাকা ব্যয় করিবেন।

(ঘ) কেন্দ্রীয় জমঈয়ৎ দফতর ও ব্যায়ামাগার পরিচালনা, জমঈয়তের কার্য্যে বিভিন্ন স্থানে যাতায়াতের ব্যয়, কর্ম্মী ও ৫ জন মুবাল্লেগের ভাতা এবং জমঈয়ৎ কর্ত্তৃক প্রচারিত বহি পুস্তক, ইশ্‌তেহার, বুলেটিন, ম্যাগাজিন প্রভৃতির মুদ্রণ, গ্রন্থ ও সংবাদপত্রাদি ক্রয় এবং জমঈয়তের আদর্শের ব্যাপক প্রচার ও প্রপাগাণ্ডার জন্য আপন ফণ্ডের অর্থ ব্যয় করিবেন।

### ৩১। হিসাব নিকাশঃ—

(ক) শাখা, ইলাকা, যিলা ও কেন্দ্রীয় জমঈয়তের কাইয়েমগণ আপনাপন জমঈয়তের আমিনগণের সমবায়ে সর্ব্ববিধ আয় ব্যয়ের হিসাব রক্ষা করিবেন এবং আপনাপন জমঈয়তের কার্য্যকরী সংসদ কর্ত্তৃক উহা মন্‌যুর করাইয়া লইবেন।

(খ) শাখা জমঈয়তের কাইয়েমগণ আপন মন্‌যুরী প্রাপ্ত হিসাব ইলাকা জমঈয়তের কাইয়েমের নিকট এবং ইলাকা জমঈয়তের কাইয়েমগণ স্ব স্ব মন্‌যুরী

প্রাপ্ত হিসাব যিলা জম্‌ঈয়তের কাইয়েমের নিকট এবং যিলা জম্‌ঈয়তের কাইয়েমগণ আপনাপন মনযুরী প্রাপ্ত হিসাব কেন্দ্রীয় জম্‌ঈয়তের কাইয়েমের নিকট প্রেরণ করিবেন এবং কাইয়েমগণ হিসাবগুলি পরীক্ষা করিয়া দেখিবেন।

(গ) শাখা জম্‌ঈয়তের হিসাবের মধ্যে কোনরূপ গোলযোগ পরিদৃষ্ট হইলে ইলাকা জম্‌ঈয়ৎ যিলা জম্‌ঈয়তের কাইয়েমকে জানাইবেন এবং ইলাকা জম্‌ঈয়তের হিসাবের গোলযোগের জন্য যিলা জম্‌ঈয়ৎ কেন্দ্রীয় জম্‌ঈয়তের কাইয়েমকে জানাইবেন। কাইয়েমগণ তদন্ত করিয়া সংশ্লিষ্ট জমঈয়ৎ সমূহের জেনারেল কমিটীর সভার সমবেত সিদ্ধান্ত অনুসারে মীমাংসা করিবেন। যিলা জম্‌ঈয়তের হিসাবের গোলযোগ কেন্দ্রীয় জম্‌ঈয়তের কাইয়েম, আমিন ও সভাপতি সমভিব্যাহারে পরীক্ষা করিয়া মীমাংসা করিবেন। কেন্দ্রীয় জম্‌ঈয়তের হিসাবে গোলযোগ পরিদৃষ্ট হইলে সভাপতি জেনারেল কমিটীর সভা আহ্বান করিবেন এবং সকলের সমবায়ে যথাবিহিত ব্যবস্থা করিবেন।

(ঘ) কেন্দ্রীয় জমঈয়তের জেনারেল কমিটীর সিদ্ধান্ত সকল বিষয়ে চুড়ান্ত বলিয়া গৃহীত হইবে।

৩২। উল্লিখিত বিধি সমূহ নিখিলবঙ্গ ও আসাম জমঈয়তে আহলে হাদিছের বাৎসরিক কন্‌ফারেন্সে পরিবর্ত্তিত ও সংশোধিত হইতে পারিবে।

BOOK NO.............................
Personal Library
Prof M. A GHALIB
Bularati, Alipur,
Satkhira, Bangladesh.

বাহির হইয়াছে—
মওলানা আব্দুল্লাহেল কাফী
ছাহেব প্রণীত
কোর্‌আনি রাজনীতির অবদান—

# ইছ্‌লামি শাসন তন্ত্রের সূত্র।

মূল্য এক টাকা মাত্র।

# কলেমায় তৈয়েবা।

লা-ইলাহা ইল্লাল্লাহ মোহাম্মদ রছুলুল্লাহের (দঃ)
কোর্‌আনি ব্যাখ্যা।
মূল্য দেড় টাকা মাত্র।

মওলবী আব্দুর রহমান বি,এ, বি, টি,
সঙ্কলিত
জমঈয়তের

# দুই নম্বর বুলেটিন।

ইহাতে আছে জমঈয়তের কার্য্যাবলীর বিস্তৃত বর্ণন।
এবং গত ঈছুলফিত্‌রে মওলানা আবদুল্লাহেল কাফী ছাহেবের
সারগর্ভ খোৎবার পূর্ণ বিবরণ।
মূল্য চারি আনা মাত্র।

প্রাপ্তিস্থান :—নিখিল বঙ্গ ও আসাম জমঈয়তে
আহ্‌লে হাদিছ, সদর দফতর : পাবনা।
( পূর্ব্ব পাকিস্তান )